# জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
website : www.nmst.gov.bd

নং-৩৯.০৩.০০০০.০০৫.১১.০০২.১৮- ৬১৮

তারিখ : ১২.১১.২০১৯ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের বিগত ২৬ সেপ্টেম্বর ২০১৯ তারিখের ৩৯.০০.০০০০.০০৭.১১.০০১.১৭-২৫৩ সংখ্যক স্মারকের প্রেক্ষিতে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর এর নিম্নবর্ণিত স্থায়ী পদসমূহে অস্থায়ীভাবে নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | বয়সসীমা | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১। | সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর | ১ | ১৮-৩০ | ১১০০০-২৬৫৯০/- | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী এবং সাঁটলিপি ও টাইপিং এ ইংরেজি ও বাংলাতে প্রতি মিনিটে অন্যূন ৮০/৫০ এবং ৩০/২৫ শব্দের গতি থাকতে হবে। তবে, শর্ত থাকে যে, ইংরেজি ও বাংলা ভাষায় ভাল জ্ঞানসম্পন্ন এবং কম্পিউটার চালনায় পারদর্শী প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ২। | গাড়ী চালক | ১ | ১৮-৩০ | ৯৩০০-২২৪৯০/- | কোন স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কার, বাস, ট্রাক ইত্যাদি চালানোর ক্ষেত্রে অন্যূন ২(দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতাসহ উক্তরূপ গাড়ী চালানোর বৈধ লাইসেন্স থাকতে হবে। |
| ৩। | পরিচ্ছন্নতা কর্মী | ১ | ১৮-৩০ | ৮২৫০-২০০১০/- | অষ্টম শ্রেণী উত্তীর্ণ বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সুঠাম স্বাস্থ্যের অধিকারী হতে হবে। |

শর্তাবলী:

১। আবেদনপত্র ডাকযোগে মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর আগামী ১২.১২.২০১৯ তারিখ অফিস সময়ের মধ্যে পৌঁছাতে হবে। সরাসরি দাখিলকৃত কোন আবেদনপত্র এবং নির্ধারিত তারিখ উর্ত্তীর্ণের পর ডাকযোগে বা অন্য কোনভাবে প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য হবে না।

২। সরকার নির্ধারিত চাকুরির আবেদন ফরমে আবেদন দাখিল করতে হবে। আবেদন ফরমের নমুনা এবং সাক্ষাৎকার পত্রের নমুনা এ অফিসের Website: www.nmst.gov.bd থেকে ডাইনলোড করা যাবে বা অফিসের নোটিশ বোর্ডেও পাওয়া যাবে।

৩। আবেদনপত্রের খামের উপরের ডান পাশে পদের নাম, বিশেষ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে এবং আবেদনপত্রের সাথে প্রার্থীর যোগাযোগের ঠিকানা উল্লেখপূর্বক ৫.০০ (পাঁচ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকেট সংযুক্ত ৯. ৫´´×৪.৫´´ পরিমাপের একটি খাম দিতে হবে। আবেদনপত্রের সাথে নমুনা সাক্ষাৎকার পত্রটি পূরণ করে দাখিল করতে হবে।

৪। প্রার্থীর বয়সসীমা ১২.১২.২০১৯ তারিখে ১৮-৩০ বছর এবং মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার সন্তান, প্রতিবন্ধী ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রার্থীদের বেলায় ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের এফিডেভিট গ্রহণযোগ্য নয়। মহিলা ও অন্যান্য কোটার ক্ষেত্রে প্রচলিত সরকারি নীতিমালা/বিধিবিধান প্রযোজ্য হবে।

৫। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত/সংবিধিবদ্ধ সংস্থায় চাকুরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।

৬। আবেদনপত্রের সাথে বাংলাদেশের যে কোন তফসীলি ব্যাংক থেকে "মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা" এর অনুকূলে প্রার্থীদের ১০০/- টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিতে হবে। এছাড়া ৫ সে.মি. × ৫.সে.মি. আকারের ৩ কপি ছবি ব্যতীত আর কোন কাগজপত্রের অনুলিপি জমা দিতে হবে না।

৭। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।

৮। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৯। কর্তৃপক্ষ যে কোন বা সকল আবেদন বাতিল করতে পারেন। এ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত।

১২/১১/২০১৯

মোহাম্মাদ মুনীর চৌধুরী
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)

বিতরণ:

১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। একান্ত সচিব, মাননীয় মন্ত্রী, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির মাননীয় সভাপতি মহোদয়ের একান্ত সচিব, জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
৫। প্রোগ্রামার, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হল)।
৬। সহকারী প্রোগ্রামার, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, ঢাকা (বিজ্ঞপ্তিটি সংস্থার ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হল)।
৭। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক কালের কণ্ঠ, কুড়িল বিশ্বরোড, যমুনা ফিউচার পার্ক, ঢাকা-১২০৮। (৪ কলাম ৮ ইঞ্চি সাইজের বিজ্ঞাপনটি আগামী ২ দিনের মধ্যে ভিতরের পাতায় ১ দিনের জন্য প্রকাশ করে বিল দাখিল করার জন্য অনুরোধ করা হল)।
৮। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক যুগান্তর, যমুনা ফিউচার পার্ক, রামপুরা, ঢাকা। (৪ কলাম ৮ ইঞ্চি সাইজের বিজ্ঞাপনটি আগামী ২ দিনের মধ্যে ভিতরের পাতায় ১ দিনের জন্য প্রকাশ করে বিল দাখিল করার জন্য অনুরোধ করা হল)।
৯। হিসাব রক্ষণ কর্মকর্তা, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, ঢাকা।

# জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর

আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭

website ঃwww.nmst.gov.bd,

নং-৩৯.০৩.০০০০.০০৫.১১.০০৩.১৮- ৬১৭ তারিখ : ১২.১১.২০১৯

## আউট সোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের দরপত্র বিজ্ঞপ্তি

অর্থ বিভাগের বিগত ২৮.১০.২০১৯ তারিখের ০৭.০০.০০০০.১২৬.১৫.০০৬.১৯-২৮১ সংখ্যক এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের বিগত ৩১.১০.২০১৯ তারিখের ৩৯.০০.০০০০.০০৭.১১. ০০৫.১৯-২৮১ সংখ্যক স্মারকে অনুমোদনের প্রেক্ষিতে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, ঢাকার জন্য রাজস্ব বাজেটের অধীনে অস্থায়ীভাবে আউট সোর্সিং পদ্ধতিতে জনবলের সেবা গ্রহণের উদ্দেশ্যে এতসংক্রান্ত স্বীকৃত প্রতিষ্ঠানসমূহের নিকট থেকে দরপত্র আহবান করা যাচ্ছে:

| ক্রমিকনং | পদেরনাম | পদ সংখ্যা | | সর্ব সাকুল্য মাসিক বেতন |
|---|---|---|---|---|
| ০১। | পাম্প অপারেটর | ১ জন | ক্যাটাগরি-২ | ১৮৬১০/- |
| ০২। | টিকেট চেকার | ৩ জন | ক্যাটাগরি-৪ | ১৭৯১০/- |
| ০৩। | মালী | ২ জন | ক্যাটাগরি-৪ | ১৭৯১০/- |
| ০৪। | নিরাপত্তা প্রহরী | ৫ জন | ক্যাটাগরি-৪ | ১৭৯১০/- |
| ০৫। | পরিচ্ছন্নতাকর্মী | ৪ জন | ক্যাটাগরি-৪ | ১৭৯১০/- |

০১। এজেন্সি/প্রতিষ্ঠান : জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

০২। প্রকিউরিং এন্টিটির নাম : মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা।

০৩। দরপত্রের ধরণ : আউট সোর্সিং পদ্ধতিতে জনবলের সেবা গ্রহণের জন্য প্রতিষ্ঠান নিয়োগ

০৪। দরপত্রপদ্ধতি : **OTM**

০৫। দরপত্র বিজ্ঞপ্তি নং : ৩৯.০৩.০০০০.০০৫.১১.০০৩.১৮-৬১৭

০৬। ঠিকাদারের যোগ্যতা : জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, আয়কর সনদ, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক লাইসেন্স থাকতে হবে এবং আউট সোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের ক্ষেত্রে ৩(তিন) বছরের অভিজ্ঞতা থাকতেহবে।

০৭। দরপত্র সিডিউলের মূল্য : ১০০০/- (এক হাজার) টাকা

০৮। সিডিউল বিতরণের স্থান : জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা।

০৯। দরপত্র গ্রহণের স্থান : জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা।

১০। দরপত্র সিডিউল বিক্রয়ের সর্বশেষ তারিখ ও সময় : ২৬/১১/২০১৯ তারিখ, বিকাল ৫-০০ টা।

১১। দাখিলেরতারিখ ও সময় : ২৭/১১/২০১৯ তারিখ, বেলা ১২-০০ টা ।

১২। উন্মুক্ত করার সময় : ২৭/১১/২০১৯ তারিখ, বেলা ১২-১৫টা।

১৩। দরপত্র জামানত : যে কোন তফসিল ভুক্ত ব্যাংক হতে মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা- এর অনুকূলে ৪,০০০/- টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট

১৪। এতদসংক্রান্ত বিস্তারিত শর্তাবলী/ তথ্যাদি জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর এর ওয়েবসাইট (www.nmst.gov.bd), নোটিশ বোর্ডে এবং জাদুঘরের অফিসে অফিস চলাকালীন সময়ে পাওয়া যাবে।

১৫। কোন রকম কারণ প্রদর্শন ছাড়াই কর্তৃপক্ষ যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ অথবা বাতিলের অধিকার সংরক্ষণ করে।

১২/১১/২০১৯

মোহাম্মাদ মুনীর চৌধুরী
মহাপরিচালক

বিতরণ :

১। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক কালের কণ্ঠ, ঢাকা
(বিজ্ঞাপনটি আপনার পত্রিকার ভেতরের পাতায় ১৪/১১/২০১৯ তারিখে প্রকাশের জন্য অনুরোধ করা হল)

২। বিজ্ঞাপন ম্যানেজার, ঢাকা ট্রিবিউন, ঢাকা
(বিজ্ঞাপনটি আপনার পত্রিকার ভেতরের পাতায় ১৪/১১/২০১৯তারিখে প্রকাশের জন্য অনুরোধ করা হল)

# চাকুরীর আবেদন ফরম

৫সে.মি. × ৫সে.মি.
ছবি (সাম্প্রতিক
তোলা ৩ কপি)

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম: | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তি নম্বর: | | তারিখ: | দি | ন | মা | স |

| | | |
|---|---|---|
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায়: |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে): |

| | | |
|---|---|---|
| ৪. | জাতীয় পরিচয়পত্র নম্বর: | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর: | |
| ৫. | জন্ম তারিখ: | ৬। জন্মস্থান: জেলা : |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস | দিন |
| ৮. | মাতার নাম : | | | |
| ৯. | পিতার নাম : | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা: | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/ নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোষ্ট কোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |

| | | | |
|---|---|---|---|
| ১১. | যোগাযোগ | মোবাইল/টেলিফোন নম্বর | ই-মেইল (যদি থাকে) |

| | | | |
|---|---|---|---|
| ১২. | জাতীয়তা: | ১৩. | জেন্ডার: |
| ১৪. | ধর্ম: | ১৫. | পেশা: |

| ১৬. | শিক্ষাগত যোগ্যতা: | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাশের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

| | |
|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) : |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯. | কোটা (টিক দিন) | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যা/পুত্র কন্যার পুত্র কন্যা | এতিম/শারিরীক প্রতিবন্ধী | |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উলে-খ কর ্ন) |

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০. | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর: | | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| | ব্যাংকের শাখান নাম: | | | | | | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১. | বিভাগীয় প্রার্থী কি না (টিক দিন) | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকবো।

প্রার্থীর স্বাক্ষর

| তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |